কৃষিই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
''কৃষি তথ্য সার্ভিস আধুনিকায়ন ও ডিজিটাল কৃষি তথ্য ও যোগাযোগ শক্তিশালীকরণ'' প্রকল্প
কৃষি তথ্য সার্ভিস, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা-১২১৫
www.ais.gov.bd

স্মারক নং: ১২.০৫.০০০০.০১১.১১.০০১.১৮.৪২

তারিখ: ০২ শ্রাবণ ১৪২৫ বঙ্গাব্দ / ১৭ জুলাই ২০১৮ খ্রিষ্টাব্দ

নিয়োগ বিজ্ঞপ্তি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের কৃষি মন্ত্রণালয়ের অধীন কৃষি তথ্য সার্ভিস কর্তৃক বাস্তবায়নাধীণ ''কৃষি তথ্য সার্ভিস আধুনিকায়ন ও ডিজিটাল কৃষি তথ্য ও যোগাযোগ শক্তিশালীকরণ'' প্রকল্পের মেয়াদকালীন সময় পর্যন্ত (জুন ২০২০) সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে সাকুল্য বেতনে প্রকল্পে চুক্তিভিত্তিক জনবল নিয়োগ দেয়া হবে। নিম্নোক্ত পদে প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

ক্রম	পদের নাম ও গ্রেড	পদের সংখ্যা	সর্বসাকুল্যে বেতন	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা	মন্তব্য
১	২	৩	৪	৫	৬
০১।	গ্রাফিক্স ডিজাইনার (গ্রেড-৯)	০১ (এক) জন	৩৫,৬০০/- টাকা (সর্বসাকুল্যে)।	১. অনুমোদিত বিশ্ববিদ্যালয় থেকে (গ্রাফিক্স ডিজাইন/পেইন্টিং বিভাগ) কমপক্ষে স্নাতক। ২. প্রতিষ্ঠিত কোন প্রতিষ্ঠানে ডেস্কটপ পাবলিশিংয়ে ডিজাইনার হিসেবে কমপক্ষে দুই বছর কাজের বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন হতে হবে। ৩. প্রার্থীকে অ্যাডবি ফটোশপ, ইলাসট্রেটর ও কোয়ার্ক এক্সপ্রেসে দক্ষতা থাকতে হবে। এ ছাড়া আর্টওয়ার্ক, প্রিন্ট লেআউট বা ডিজাইন ক্রিয়েটিভ ডিজাইন, মিডিয়া পাবলিকেশনের জন্য অ্যাডভার্টাইজিং লেআউট এবং সংশ্লিষ্ট বিষয়ে সৃজনশীল ধারণা থাকতে হবে।	প্রাথমিক ভাবে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে এক বৎসরের জন্য চুক্তি ভিত্তিক নিয়োগ। পরবর্তিতে প্রকল্পের মেয়াদকালীন সময় পর্যন্ত (এক বৎসর পর পর কর্ম দক্ষতার ভিত্তিতে চুক্তির মেয়াদ বৃদ্ধি করা যাবে।)
০২।	ভিডিও ক্যামেরাম্যান (গ্রেড-১০)	০১ (এক) জন	২৭,১০০/- টাকা (সর্বসাকুল্যে)।	১. কমপক্ষে স্নাতক (বিজ্ঞানে স্নাতক প্রার্থীদের অগ্রাধিকার) ডিগ্রীধারী হতে হবে। ২. প্রতিষ্ঠিত কোন প্রতিষ্ঠান/ইনস্টিটিউট থেকে ভিডিওগ্রাফি সংক্রান্ত ডিপ্লোমা/ সার্টিফিকেট কোর্স সম্পন্ন হতে হবে। ৩. ভিডিও ক্যামেরাম্যান হিসেবে স্বনামধন্য কোন বিজ্ঞাপনী সংস্থা/টিভি চ্যানেল ইত্যাদিতে কমপক্ষে দুই বছর কাজের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।	
০৩।	ফটোগ্রাফার (গ্রেড-১০)	০১ (এক) জন	২৭,১০০/- টাকা (সর্বসাকুল্যে)।	১. কমপক্ষে স্নাতক (বিজ্ঞানে স্নাতক প্রার্থীদের অগ্রাধিকার) ডিগ্রীধারী হতে হবে। ২. প্রতিষ্ঠিত কোন প্রতিষ্ঠান/ ইনস্টিটিউট থেকে ফটোগ্রাফি সংক্রান্ত ডিপ্লোমা/ সার্টিফিকেট কোর্স সম্পন্ন হতে হবে। ৩. ফটোগ্রাফার হিসেবে প্রতিষ্ঠিত কোন স্বনামধন্য সংস্থা/প্রতিষ্ঠানে	

				কমপক্ষে দুই বছর কাজের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।	
০৪।	সহকারী মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার (গ্রেড-১০)	০১ (এক) জন	২৭,১০০/- টাকা (সর্বসাকুল্যে)।	১. ইলেকট্রিক্যাল/ ইলেকট্রনিক্স/ সিএসই/ আইটি অথবা সংশ্লিষ্ট বিষয়ে অনুমোদিত কোন প্রতিষ্ঠান থেকে ডিপ্লোমা ইঞ্জিনিয়ারিং ডিগ্রীধারী হতে হবে। ২. কম্পিউটার ট্রাবল শ্যুটিং, লোকাল এরিয়া নেটওয়ার্ক বিষয়ে প্রতিষ্ঠিত কোন সংস্থা/প্রতিষ্ঠানে কমপক্ষে দুই বছর কাজের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।	
০৫।	ক্যাশিয়ার কাম একাউন্টেন্ট (গ্রেড-১৪)	০১	১৮,৬০০/- টাকা (সর্বসাকুল্যে)।	১. স্বীকৃত বোর্ড থেকে কমপক্ষে এইচএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ। বাণিজ্য বিভাগে উচ্চমাধ্যমিক/ সমমান উত্তীর্ণ প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে। ২. কোন সংস্থা/প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে। ৩. কম্পিউটারে এমএস অফিস পরিচালনা ও ইন্টারনেট/ইমেইল ব্যবহার জানা থাকতে হবে।	প্রাথমিক ভাবে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে এক বৎসরের জন্য চুক্তি ভিত্তিক নিয়োগ। পরবর্তিতে প্রকল্পের মেয়াদকালীন সময় পর্যন্ত (এক বৎসর পর পর কর্ম দক্ষতার ভিত্তিতে চুক্তির মেয়াদ বৃদ্ধি করা যাবে।)
০৬।	অডিও ভিজ্যুয়াল ইউনিট অপারেটর (গ্রেড-১৪)	০২	১৮,৬০০/- টাকা (সর্বসাকুল্যে)।	১. স্বীকৃত বোর্ড থেকে কমপক্ষে এসএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ। ২. মাল্টিমিডিয়া সামগ্রী পরিচালনা বিষয়ে অনুমোদিত প্রতিষ্ঠান থেকে প্রশিক্ষণ প্রাপ্ত। ৩. যানবাহন চালনার বৈধ পেশাদার ড্রাইভিং লাইসেন্সধারী (মাঝারি) হতে হবে। মাঝারি ও হালকা উভয় ধরনের যানবাহন চালনার নূন্যতম ০৩ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকা বাধ্যতামূলক।	
০৭।	অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর (গ্রেড-১৬)	১২	ঢাকা মেট্রোপলিটন এলাকার জন্য ১৭,০৪৫/- টাকা (সর্বসাকুল্যে), চট্রগ্রাম, খুলনা, রাজশাহী, সিলেট, বরিশাল ও রংপুর অঞ্চলের জন্য ১৬,১১৫/- টাকা (সর্বসাকুল্যে) এবং অন্যান্য স্থানের জন্য ১৫,৬৫০/-টাকা (সর্বসাকুল্যে)।	১. কমপক্ষে এসএসসি/সমমানের শিক্ষাগত যোগ্যতা সম্পন্ন হতে হবে। ২. সংশ্লিষ্ট কাজে কমপক্ষে ০২ বছরের বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন হতে হবে। ৩. কম্পিউটার টাইপিংয়ে নূন্যতম ইংরেজিতে ২০ শব্দ/মিনিট ও বাংলায় ১৫ শব্দ/মিনিট গতি সম্পন্ন হতে হবে।	

<u>শর্তাবলীঃ</u>

১. আবেদনকারীকে সরকার কর্তৃক নির্ধারিত চাকরির আবেদন ফরম পূরণপূর্ববক আগামী ১৬/০৮/২০১৮ খ্রিঃ তারিখ বিকাল ৪:০০টার মধ্যে রেজিষ্টার্ড ডাক যোগে প্রকল্প পরিচালক বরাবর পৌছাতে হবে। নির্ধারিত সময়ের পর কোন আবেদন গ্রহন করা হবে না। খালি আবেদন ফরম এর কপি কৃষি তথ্য সার্ভিস এর ওয়েব সাইটে (www.ais.gov.bd) পাওয়া যাবে। খালি আবেদন ফরম এর কপি প্রকল্প দপ্তর হতে অফিস চলাকালীন সময়েও সংগ্রহ করা যাবে।

২. আবেদন ফরম এর প্রযোজ্য সকল ঘর পূরণ করতে হবে। অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ ফরম গ্রহনযোগ্য হবে না।

৩. আবেদন ফরমের সাথে সম্প্রতি তোলা ০৩ কপি পাসপোর্ট অথবা ৫ সেমি x ৫ সেমি সাইজের ছবি গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত করে সংযুক্ত করতে হবে।

৪. সরকারী বিধি মোতাবেক আবেদনকারীর বয়স ১৬/০৮/২০১৮ খ্রিঃ তারিখে সর্বোচ্চ ৩০ বৎসর হতে হবে। মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারীর ক্ষেত্রে বয়স ৩২ বৎসর। বয়সের ক্ষেত্রে এফিডেভিট গ্রহনযোগ্য নয়।

৫. চাকুরীরত প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

৬. আবেদন করার সময় খামের উপরে বাম পাশে স্পষ্ট অক্ষরে পদের নাম লিখতে হবে।

৭. প্রত্যেক প্রার্থীকে প্রকল্প পরিচালক, ‘‘কৃষি তথ্য সার্ভিস আধুনিকায়ন ও ডিজিটাল কৃষি তথ্য ও যোগাযোগ শক্তিশালীকরণ প্রকল্প” এর অনুকুলে ১০০ (এক শত) টাকা মুল্যের পে অর্ডার/পোষ্টাল অর্ডার (অফেরৎযোগ্য) আবেদন পত্রের সাথে সংযোজন করতে হবে।

৮. আবেদনকারীকে নিয়োগ পরীক্ষা/সাক্ষাৎকারে অংশ নেওয়ার জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

৯. নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চুড়ান্ত বলে গণ্য হবে।

১০. প্রকল্প মেয়াদ শেষে চুক্তিপত্রই অব্যাহতি পত্র হিসেবে গণ্য হবে।

১১. কর্তৃপক্ষ প্রয়োজনে যে কোন শর্ত সংযোজন, সংশোধন, পরিবর্তন এবং অনিবার্য কারণবশতঃ নিয়োগ প্রক্রিয়া যে কোন পর্যায়ে স্থগিত/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

(ড. মোঃ সাইফুল ইসলাম)
প্রকল্প পরিচালক
যোগাযোগঃ ৫৫০২৮২১০